

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ

দনিয়া শাখা, ১০৬৭, নয়াপাড়া, শ্যামপুর, ঢাকা

বন্ধকী সম্পত্তি নিলাম বিক্রয়ের দরপত্র বিজ্ঞপ্তি (অর্থ ঋন আদালত আইন ২০০৩ এর ১২ ধারা মোতাবেক)

এতদ্বারা সর্ব সাধারণের অবগতির জন্য জানানো যাইতেছে যে, ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দনিয়া শাখা, ঢাকা এর ঋণগ্রহীতা ১। মিসেস হাসিনা বেগম, স্বামী- খন্দকার রফিক উদ্দিন ও ২। খন্দকার জহির আহাম্মেদ শাহীন, পিতা - খন্দকার রফিক উদ্দিন, উভয়ের ঠিকানা - বাড়ী নং- ০৩, রোড নং-০১, তুষারধারা, থানা- ফতুল্লা, জেলা- নারায়নগঞ্জ কর্তৃক গৃহীত ঋনের জামানত হিসাব নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরস্থিত স্থাপনাদি রেজিস্ট্রিকৃত বন্ধকী দলিলমূলে ব্যাংক এর নিকট বন্ধক রাখা আছে এবং রেজিস্ট্রিকৃত আমোজার দলিল মূলে নিম্ন তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরস্থিত স্থাপনাদি আদালতের আদেশ ছাড়াই বিক্রয়ের ক্ষমতা ব্যাংককে প্রদান করা আছে। ঋণগ্রহীতাদ্বয় মঞ্জুরীপ্রাপ্তের শর্ত মোতাবেক ঋণ পরিশোধ না করার বিগত ২৬/০৬/২০১৪ ইং তারিখ পর্যন্ত খেলাপি ঋণ বাবদ ব্যাংকের পাওনা মোট ৯০,৪২,০৭০/৫৫ (নব্বই লক্ষ বিয়াল্লিশ হাজার সত্তর টাকা পঞ্চাশ পয়সা) টাকা সহ অন্যান্য আনুসঙ্গিক খরচ ও আদায়কালকত সুদ আদায়ের নিমিত্তে তফসিলভুক্ত সম্পত্তি ও তদুপরস্থিত স্থাপনাদি নিলাম বিক্রয়ের জন্য আগ্রহী ক্রেতাদের নিকট হইতে নিম্নবর্ণিত শর্তাদিতে সাদা কাগজে/প্যাডে স্থায়ী ঠিকানাসহ পূর্ণাঙ্গ ঠিকানা উল্লেখ পূর্বক সীলমোহরকৃত দরপত্র আহবান করা যাইতেছে।

বন্ধকী সম্পত্তির তফসিল

জেলা- নারায়নগঞ্জ, থানা ও সাবরেজিস্ট্রী অফিস- ফতুল্লা, জে.এল. নং-সি. এস -১৪৮, এস. এ-৬ আর. এস-১, মৌজা- ভূইগড়, খতিয়ান নং- সি. এস -২২২, এস. এ -২৯৪, আর. এস-৮১১, মিউটেশন ২৩৩৩, দাগ নং- সি. এস ও এস. এ-২৫১, আর. এস-৩১৫, জমির পরিমাণ ৫৫০(পাঁচশত পঞ্চাশ) অঘুতাংশ ও তদুপরস্থিত ৪ (চার) তলা আবাসিক ইমারত, যাহার চৌহদ্দি উত্তরে -অন্য মৌজা, দক্ষিণে - মোঃ কহিনুর মিয়া, পূর্বে - বিক্রিত সম্পত্তি ও পশ্চিমে - মোঃ মনসুর আহমেদ।

নিলামের শর্তাবলী

- (১) আগামী ২২/০৭/২০১৪ ইং বিকাল ৩.৩০ঘটিকার মধ্যে ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ দনিয়া শাখা, ঢাকা এ রক্ষিত বস্ত্রে সরাসরি অথবা রেজিস্ট্রিকৃত ডাকযোগে দরপত্র জমা দিতে হইবে এবং ঐ দিন ৪.০০টার সময় দরপত্র দাতাদের সামনে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র খোলা হইবে।
- (২) প্রত্যেক দরপত্র উদ্ধৃত দর এর ১০% এর সমপরিমাণ টাকা জামানত স্বরূপ ব্যাংক ড্রাফট বা পে অর্ডার ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ দনিয়া শাখা, ঢাকা এর অনুকূলে দরপত্রের সহিত দাখিল করিবেন।
- (৩) অনুর্ধ্ব ১০,০০,০০০(দশ লক্ষ) টাকার উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৩০(ত্রিশ)দিবসের মধ্যে ১০,০০,০০০(দশ লক্ষ) টাকা অপেক্ষা অধিক এবং অনুর্ধ্ব ৫০,০০,০০০(পঞ্চাশ লক্ষ) টাকা উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৬০(ষাট) দিবসের মধ্যে এবং ৫০,০০,০০০(পঞ্চাশ লক্ষ) টাকার অধিক উদ্ধৃত দর গৃহীত হইবার পরবর্তী ৯০(নব্বই) দিবসের মধ্যে দরদাতা সমুদয় মূল্য পরিশোধ করিবেন এবং তাহা করিতে ব্যর্থ হইলে জামানতের টাকা বাজেয়াপ্ত হইবে। প্রথম সর্বোচ্চ দরদাতার জামানত বাজেয়াপ্ত হইলে ব্যাংক কর্তৃপক্ষ দ্বিতীয় সর্বোচ্চ দরপত্রদাতাকে সম্পত্তি ক্রয়ে আহ্বান করিতে পারিবেন।
- (৪) দাখিলকৃত দরপত্রে সম্পত্তির প্রস্তাবকৃত মূল্য অস্বাভাবিকভাবে অপর্যাপ্ত বা কম প্রতীয়মান হইলে নিম্নস্বাক্ষরকারী উক্ত দর প্রস্তাব অগ্রাহ্য করিতে পারিবেন।
- (৫) ব্যাংক কর্তৃপক্ষ সফল দরদাতার অনুকূলে নিলামকৃত সম্পত্তি রেজিস্ট্রি দলিলমূলে হস্তান্তর করিবেন। তবে দলিল রেজিস্ট্রি সংক্রান্ত যাবতীয় খরচ যেমন - রেজিস্ট্রেশন ফি, স্ট্যাম্প ডিউটি, বিবিধ ব্যয়সহ অন্যান্য প্রযোজ্য শুল্ক প্রভৃতি দরদাতাকেই বহন করিতে হইবে।
- (৬) দরপত্রের মাধ্যমে নিলামে অংশগ্রহণে ইচ্ছুক ব্যক্তিগণ বিস্তারিত তথ্য অবগত হইবার জন্য নিম্নস্বাক্ষরকারীর অফিসে যোগাযোগ করিতে পারিবেন।
- (৭) ব্যাংক কর্তৃপক্ষ কোন কারন দর্শানো ব্যতিরেকেই যে কোন দরপত্র বা সকল দরপত্র গ্রহণ বা বাতিল করিবার ক্ষমতা সংরক্ষণ করিবেন।

ব্যবস্থাপক

ইউনাইটেড কমার্শিয়াল ব্যাংক লিঃ, দনিয়া শাখা, ঢাকা।